কুড়িগ্রাম কৃষি বিশ্ববিদ্যালয়
Kurigram Agricultural University

রেজিস্ট্রার দপ্তর
registrar@kuriau.edu.bd
www.kuriau.edu.bd

স্মারক নং- কুড়িকৃবি/রেজি.দপ্তর/বিবিধ-১৭/২০২২/৬০১

তারিখঃ ২১ শ্রাবণ ১৪৩৩ / ০৫ আগস্ট ২০২৬

'এশিয়া পোস্ট' (অনলাইন ভিত্তিক) পত্রিকায় কুড়িগ্রাম কৃষি বিশ্ববিদ্যালয়ের ১০ জন শিক্ষককে নিয়ে প্রকাশিত মিথ্যা, বানোয়াট ও ভিত্তিহীন সংবাদের বিরুদ্ধে তীব্র প্রতিবাদ।

এতদ্বারা সর্বসাধারণ ও সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গত ৪ আগস্ট, ২০২৬ তারিখে অনলাইন ভিত্তিক 'এশিয়া পোস্ট' নামক পত্রিকায় "শেখ হাসিনাকে ফেরাতে ২২ বিশ্ববিদ্যালয়ের ৪০৪ শিক্ষকের গোপন তৎপরতা" শিরোনামে কুড়িগ্রাম কৃষি বিশ্ববিদ্যালয়কে (কুড়িকৃবি) জড়িয়ে যে সংবাদটি পরিবেশন করা হয়েছে, তা সম্পূর্ণ অসত্য, কাল্পনিক, ভিত্তিহীন এবং উদ্দেশ্যপ্রণোদিত।

উক্ত প্রকাশিত প্রতিবেদনে অভিযোগ করা হয়েছে যে, কুড়িগ্রাম কৃষি বিশ্ববিদ্যালয়ের ১০ জন শিক্ষক উক্ত ঘটনার সাথে জড়িত। বাস্তব সত্য হলো, উক্ত সংবাদে উল্লিখিত ১০ জন শিক্ষকের নামের কোন অস্তিত্বই কুড়িগ্রাম কৃষি বিশ্ববিদ্যালয়ে নেই।

উক্ত প্রতিবেদনটি প্রকাশের পূর্বে কুড়িগ্রাম কৃষি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের নিকট থেকে কোনো রূপ বক্তব্য বা সত্যতা যাচাইয়ের উদ্যোগ নেওয়া হয়নি। হলুদ সাংবাদিকতার আশ্রয় নিয়ে মনগড়া ও ভিত্তিহীন এই তথ্য পরিবেশনের মাধ্যমে সদ্য প্রতিষ্ঠিত উত্তরবঙ্গের কৃষি শিক্ষার আলোকবর্তিকা রূপী এই উচ্চশিক্ষা প্রতিষ্ঠানের সুনাম ক্ষুণ্ন করা হয়েছে এবং সাধারণ শিক্ষার্থী, অভিভাবক ও দেশবাসীকে বিভ্রান্ত করার অপচেষ্টা চালানো হয়েছে।

কুড়িগ্রাম কৃষি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ উক্ত মিথ্যা, বানোয়াট ও উদ্দেশ্যপ্রণোদিত সংবাদের তীব্র নিন্দা ও সুনির্দিষ্ট প্রতিবাদ জানাচ্ছে এবং ইতোমধ্যে এই বিষয়টি নিয়ে কুড়িগ্রাম সদর থানায় একটি সাধারণ ডায়েরী করা হয়েছে। একই সাথে 'এশিয়া পোস্ট' কর্তৃপক্ষকে অবিলম্বে এই বিভ্রান্তিকর সংবাদটি প্রত্যাহার করে যথাযথ ব্যাখ্যা ও দুঃখপ্রকাশপূর্বক এই প্রতিবাদ লিপিটি গুরুত্বসহকারে প্রকাশের আহ্বান জানানো হচ্ছে। অন্যথায়, বিশ্ববিদ্যালয়ের সম্মান রক্ষার্থে কুড়িগ্রাম কৃষি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ পরবর্তীতে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করবে।

শিক্ষা ও গবেষণার সঠিক পরিবেশ বজায় রাখতে সম্মানিত সাংবাদিক সমাজ, সকল গণমাধ্যম এবং দেশবাসীকে বস্তুনিষ্ঠ তথ্য প্রচারের অনুরোধ জানাচ্ছি।

০৫/০৮/২০২৬

মোঃ সাদেকুজ্জামান
ডেপুটি রেজিস্ট্রার
কুড়িগ্রাম কৃষি বিশ্ববিদ্যালয়